



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2021-22

BNGADSE02T-BENGALI (DSE1/2)

বাংলা গদ্য ও প্রবন্ধ পাঠ

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

একক - ১

(ক) ‘মুচিরাম গুড়ের জীবনচরিত’ কোন্ শ্রেণির রচনা বলে মনে করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

অথবা

(খ) “গেজেট হইল, রাজা মুচিরাম রায় বাহাদুর। তোমরা সবাই আর একবার হরি বল।” — বঙ্কিমচন্দ্র কোন্ শ্রেণিত তথা তাৎপর্যে মুচিরাম গুড়ের সাফল্য সম্পর্কে এই মন্তব্য করেছেন তা বুঝিয়ে দাও। ১০

একক - ২

(গ) ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থ অনুসরণে স্বামী বিবেকানন্দের বিশ্ববীক্ষা এবং ভারত অনুভবের স্বরূপ নির্দেশ করো। ১০

অথবা

(ঘ) আধুনিক পশ্চিমকে স্বামীজী ছুঁয়ে যাচ্ছেন ইতিহাসের ধারাতে। ‘প্রাচ্য ও পাশ্চাত্য’ গ্রন্থের ‘পারি ও ফ্রাঁস’ রচনাংশ অবলম্বনে মন্তব্যটির যথার্থতা নির্ণয় করো। ১০

একক - ৩

(ঙ) ‘পঞ্চভূত’-এর ‘মন’ রচনায় স্বাধীনবিহারী মন ভূতনাথবাবুর উপলব্ধিতে কীভাবে তাৎপর্যমণ্ডিত হয়ে উঠেছে — তার পরিচয় দাও। ১০

অথবা

(চ) “আজ জমিদারের পুণ্যাহ” — পুণ্যাহ কী? ‘সৌন্দর্যের সম্বন্ধ’ প্রবন্ধটি অনুসরণে মানবজীবনে একদিনের উৎসবের সঙ্গে প্রতিদিনের দীনতা মোচনের সম্পর্ক নিরূপণ করো। ১০

একক - ৪

(ছ) “যে-মৌলিক উপাদানে রবীন্দ্রনাথ গঠিত সেটা কবিত্ব শক্তি, সেটাই তাঁর গদ্যরচনাকে সপ্রাণ ও সার্থক ক’রে তুলেছে।” — প্রাবন্ধিকের মন্তব্য কতদূর যথাযথ সে-বিষয়ে পাঠ্য প্রবন্ধে উল্লিখিত উদাহরণসহ তোমার অভিমত ব্যক্ত করো। ১০

অথবা

- (জ) “রাম অবতার হলেও মানুষ, নিতান্তই মানুষ। মনুষ্যত্বের মহত্তম আদর্শের প্রতিভূ তিনি, বিশেষ-কোনো একটি দেশের বা যুগের নয়, সর্বদেশের, সর্বকালের।” “রামায়ণ” প্রবন্ধ অনুসারে রামচরিত্র মূল্যায়নে প্রাবন্ধিকের অভিমত বিশদে আলোচনা করো। ১০

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০
- (ক) “হোম সাহেবের কিছুমাত্র দোষ নাই। দেশী, বিদেশী, সকল মনুষ্যই এইরূপ। সকলেই মিষ্ট কথার বশ।” — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩
- (খ) পাশ্চাত্যের শক্তিপূজা সম্পর্কে বিবেকানন্দ যে বর্ণনা দিয়েছেন দু-এক কথায় তার পরিচয় দাও। ৫
- (গ) “কাব্যের একটা গুণ এই যে, কবির সৃজনশক্তি পাঠকের সৃজনশক্তি উদ্দ্রেক করিয়া দেয়।” — কার বক্তব্য ? কোন্ কবিতার তাৎপর্য নির্ণয় প্রসঙ্গে এই মন্তব্যের অবতারণা ? উদ্ধৃতাংশটির ব্যঞ্জনা নির্দেশ করো। ১+১+৩
- (ঘ) “জীবনের শ্রেষ্ঠ সময় যৌবন নয়, জীবনের মাঝামাঝি অবস্থাটাই সবচেয়ে ভালো।” — এই উক্তিটি কোন্ প্রবন্ধ থেকে নেওয়া ? এই অভিমতের সপক্ষে প্রাবন্ধিকের বক্তব্য সংক্ষেপে লেখো। ১+৪

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—